



## পরিবর্তনে সায় নেই বাইচুংয়ের

স্টাফ রিপোর্টার : টি২০ পেপসি চ্যালেঞ্জ ফুটবল টুর্নামেন্টের উদ্বোধনে এসে ভারতীয় ফুটবলের প্রাক্তন তারকা বাইচুং ভুটিয়া জানালেন, অপেশাদার ফুটবলারদের কাছে এই ফাইভ এ সাইড টুর্নামেন্ট নিঃসন্দেহে নিজেকে মেলে ধরার সেরা মঞ্চ। কলকাতা ফুটবলের দুই প্রধান সম্পর্কে বাইচুং বলেন, ক্রমাগত দলে পরিবর্তন হলে টিমের সাফল্য আসা কঠিন। গত দুই মরশুমে ইস্টবেঙ্গল মোটামুটি দল ধরে রেখেছিল। কিন্তু লক্ষ্যে পৌঁছাতে পারছে না।